



আমরা বললেই ২৪ ঘণ্টায় ড. ইউনুস থাকবেন না, ইট ইজ পসিবল: গয়েশ্বর



সংগৃহীত ছবি

বিএনপির স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায় অভিযোগ করেছেন যে ক্ষমতায় টিকে থাকার লক্ষ্যে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনুস মৌলবাদী গোষ্ঠীকে একত্রিত করেছেন এবং জাতীয়তাবাদী শক্তির মধ্যে বিভক্তি সৃষ্টির চেষ্টা করছেন।

তিনি বলেন, “আমরা যদি ঘোষণা দিই যে আগামীকাল রাস্তায় নামবো, তাহলে মনে হয় তিনি ২৪ ঘণ্টাও ক্ষমতায় থাকতে পারবেন না। তবুও আমরা চাই ড. ইউনুস সফল হন, কারণ তার সাফল্য মানে জুলাই-আগস্ট আন্দোলনের সফলতা।”

গয়েশ্বর আরও উল্লেখ করেন, জুলাই আন্দোলনের ‘মুকুট’ যারা দাবি করছেন, তারা আগেই সেই স্বীকৃতি পেয়েছেন—এমন স্বীকৃতি বিএনপিও দিয়েছে বলে জানান তিনি।

LENS ASIA